গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি ফজলুল হক কলেজ, চাখার, বরিশাল

ফোনঃ ০৪৩৩-২৫৬৪০১, মোবাইল-০১৭৯২২১০৭২১ ইমেল ঃ govtfhcchakhar@gmail.com, ওয়েব ঃ www.fhcchakhar.gov.bd

---

স্মারক নং ......২৫২............... তারিখ ঃ ২৯/০৬/২৫

প্রেরক ঃ অধ্যক্ষ
সরকারি ফজলুল হক কলেজ,
চাখার, বরিশাল।

প্রাপক ঃ সচিব
শিক্ষামন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।

বিষয় ঃ- সরকারী ফজলুল হক কলেজ,চাখার বরিশাল এর উপাধ্যক্ষ জনাব মোঃ ইউনুস আলী সিদ্দিকী মহোদয়ের কাজের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র কলেজের উপাধ্যক্ষ জনাব মোঃ ইউনুস আলী সিদ্দিকী , এ কলেজে তাঁর অবস্থানকালীন সময়ে তাঁর সম্পাদিত সকল কর্মকান্ডের বিরনণ এতদ্ সংগে প্রেরণ করা হল।

২৯/০৬/২০২৫

(প্রফেসর এ.বি.এম. ফখরুজ্জামান)
আই ডি নং ২৯২৬
অধ্যক্ষ
সরকারি ফজলুল হক কলেজ.
চাখার, বরিশাল।

বরাবর,
সচিব
শিক্ষামন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।

দৃষ্টি আকার্ষণ ঃ ফাতেমা তুল জান্নাত
সিনিয়র সহকারী সচিব,
শাখা-৬(কলেজ-১), শিক্ষামন্ত্রণালয়।

বিষয় ঃ সরকারী ফজলুল হক কলেজ,চাখার বরিশাল এর কাজের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,
সম্মানপূর্বক নিবেদন এই যে, আপনার প্রেরিত পত্র স্মারক নং - ৩৭.০০.০০০০.০৬৭.০২.০২৯.২০১৫-৮৮৭ শিক্ষা,তারিখ ২৬/০৮/২০১৫ ইং দ্বারা আদিষ্ট হয়ে অবগতির জন্য জানাচ্ছি যে, আমি বিগত বিগত **১১/০৭/২০১৩** ইং তারিখে **উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ)** হিসেবে অত্র কলেজে যোগদান করি। **ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে বিগত ১১/০৭/২০১৩ ইং হতে ২৮/০৭/২০১৩ ইং তারিখ, ১৫/০৯/২০১৩ ইং তারিখ হতে ০৫/১১/২০১৩ ইং তারিখ এবং ০৩/১১/২০১৪ ইং তারিখ হতে ১০/০৫/২০১৫ ইং তারিখ পর্যন্ত মোট ৮ মাস ১৬ দিন সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করেছি** এবং **উপাধ্যক্ষ হিসেবে অদ্যাবধি পর্যন্ত প্রায় ২ বছর ২ মাস কর্মরত আছি**। আমি অত্র কলেজে উপাধ্যক্ষ হিসেবে যোগদান করার পর শিক্ষার সার্বিক মান উন্নয়নে নিম্নলিখিত কার্যাদি অত্যন্ত দক্ষতার সাথে সম্পাদন করেছি।

০১। আমি যখন উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) হিসাবে যোগদান করি তখন কলেজের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল প্রায় ১,৬০০(এক হাজার ছয় শত) জন। বর্তমানে এ সংখ্যা বেড়ে হয়েছে ২,৫৩৭ (দুই হাজার পাচঁশত সাতত্রিশ) জন ।

০২। একাদশ শ্রেনীতে ভর্তির আসন সংখ্যা বৃদ্ধি করি নিম্নরুপ ভাবে ঃ
পূর্বে মানবিক বিভাগে ছিল ১৫০ জন বর্তমানে ২৫০ জন।
পূর্বে ব্যবসায় শিক্ষা বিভাগে ছিল ১৫০ জন বর্তমানে ২০০ জন।

০৩। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে তিনটি নতুন বিষয়ে অনার্স কোর্স চালু করি। বিষয় তিনটি হলোঃ **বাংলা,দর্শন ও ইতিহাস**। এছাড়া আরও তিনটি বিষয়ে অনার্স কোর্স চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন। বিষয় তিনটি হলোঃ **ইংরেজী ,অর্থনীতি ও ইসলামের ইতিহাস**।

০৪। ১৯৯৯ খ্রিঃ থেকে ২০১৪ খ্রিঃ পর্যন্ত কলেজটিতে কোন সরকারী অডিট হয়নি। ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে সুষ্টভাবে অডিট টিমের সহায়তায় অডিট কার্য সম্পাদনা করি।

০৫। উচ্চ মাধ্যমিক পর্যায়ে যুগোপযোগী তিনটি বিষয় **কৃষি শিক্ষা , সমাজকল্যান ও উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন** ২০১৫-১৬ শিক্ষাবর্ষ হতে চালু করেছি।

০৬। কলেজের একটি বড় শ্রেণী কক্ষকে মাল্টিমিডিয়া সিস্টেমে পাঠদান উপযোগী করে তৈরী করেছি।

০৭। ছাত্র - ছাত্রী ও তাদের প্রতিনিধেদের সাথে সুসম্পর্ক রাখার কারণে কলেজে কোন রাজনৈতিক বা অন্য কোন সম্যাসায় পাঠদানের পরিবেশে কোন বিঘ্ন ঘটেনি।

৮। কলেজের সকল পরীক্ষায় নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করি।

৯। কলেজের বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে সম্পাদন করেছি।

১০। কলেজের জরাজীর্ণ লাইব্রেরী কক্ষ, ছাত্র-ছাত্রীদের কমন রুম এবং অনার্স বিভাগ সমূহের কক্ষ পূন নির্মাণ ও সংস্কার করেছি।

১১। আমি নিয়মিত শ্রেণী কক্ষে পাঠদানে সম্পৃক্ত আছি।

১২। প্রতি বছর শিক্ষার্থীদের জন্য একাডেমিক ক্যালেন্ডার ও প্রসপেক্টাস প্রনয়ণ করেছি।

১৩। কলেজের অনেক জমিজমা নিয়ে বিভিন্ন মহলের সাথে বিরোধ থাকা সত্ত্বেও উক্ত জমিজমা কলেজের অধীনে সুরক্ষিত রেখেছি।

১৪। "কলেজ নিয়ে ভাবনা" শীষর্ক একদিনের সেমিনারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে অংশগ্রহণ করি এবং সেমিনারে কর্তৃপক্ষের নির্দেশক্রমে একটি ডায়নামিক ওয়েবসাইড চালু করি এবং সকল শিক্ষক ও শিক্ষার্থীদের ডাটাবেজ প্রস্তুত করি (আপডেড চলমান) ।**Website** এর ঠিকানা হলো ঃ **www.fhcchakhar.gov.bd**। কলেজটি প্রত্যন্ত অঞ্চলে হওয়ায় এবং এর অবকাঠামোগত অসুবিধার কারণে **IT sector** এর প্রভুত উন্নয়ণ ত্বরান্বিত করা যায়নি। এখানে নিয়মিত বিদ্যুৎ থাকেনা। ইন্টারনেট ব্যবহারের জন্য নিয়মিত সার্ভারের সুবিধা পাওয়া যায় না। এই প্রতিকুল অবস্থার মধ্যেও ডায়নামিক ওয়েব সাইড চালু রাখা এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যাবলী এগিয়ে নিচ্ছি। আশা করি অল্প সময়ের মধ্যে কলেজের সকল কর্মকান্ড তথ্য প্রযুক্তি নির্ভর করে গড়ে তুলতে পারব।

১৫। সকরারি ফজলুল হক কলেজ ,চাখার , বরিশাল ১৯৪০ সালে প্রতিষ্ঠিত হলেও এটির অবস্থান বরিশাল শহর থেকে ৩৩ কিলিমিটার দূরে একটি ইউনিয়নের প্রত্যন্ত গ্রামে অবস্থিত । খুব স্বাভাবিকভাবেই এখানে অধিকাংশ ছাত্র-ছাত্রী নিম্নবৃত্ত ও নিম্ন মধ্যবিত্ত ঘরের সন্তান। তারপরও এ কলেজের ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফলাফল তুলনা মুলকভাবে ভাল। বিগত তিন বছরের অত্র কলেজের এইচ.এস.সির ফলাফল নিম্নরুপঃ

২০১৩ - ৮৮.১৯%
২০১৪ - ৮৮.৮৬%
২০১৫ - ৬৭.৫৬%(বরিশাল বোর্ডের পাশের হার ৭০.০৬%)

অতএব মহোদয়ের নিকট উপর্যুক্ত বিষয়াবলী আমার বিশেষ সম্পাদিত কর্মকান্ড হিসেবে সদয় বিবেচনার জন্য প্রেরণ করা হল।

২৯/০৮/১৫

(মোঃ ইউনুস আলী সিদ্দিকী)
আইডি নং- ৬৯৫০
উপাধ্যক্ষ
সরকারি ফজলুল হক কলেজ,
চাখার, বরিশাল